# THE WEST BENGAL COUNCIL OF RABINDRA OPEN SCHOOLING

## UCHCHA MADHYAMIK PARIKSHA, 2024

# পশ্চিমবঙ্গ রবীন্দ্র মুক্তবিদ্যালয় সংসদ

## উচ্চমাধ্যমিক পরীক্ষা, ২০২৪

বাংলা
(পুরাতন পাঠক্রম)

**Bengali**
**(Old Syllabus)**

**সময় ঃ ৩ ঘণ্টা ১৫ মিনিট** — **পূর্ণমান ঃ ১০০**
**Time : 3 Hours 15 Minutes** — **Full Marks : 100**

### পরীক্ষার্থীদের প্রতি সাধারণ নির্দেশ
### (General Instructions for the Examinees)

সকল পরীক্ষার্থীকে প্রথম পত্র এবং দ্বিতীয় পত্রের উত্তর একটি উত্তরপত্রে লিখতে হবে।
All Candidates should answer First Paper and Second Paper in one Answer Booklet.

সকল পরীক্ষার্থীকে নিজের নাম, ক্রমিক নম্বর ও নিবন্ধন নম্বর উত্তরপত্রে লিখতে হবে।
Candidates should write their Name, Roll No. and Registration No. in their respective answer scripts.

পরীক্ষার সময়ের প্রথম ১৫ মিনিট প্রশ্ন পড়ার জন্য।
প্রশ্নের উত্তর যথাযথ হওয়া দরকার।
First 15 Minutes are allotted for reading the question paper.
Answers should be in brief and to the point.

প্রতিটি উত্তরের প্রশ্নসংখ্যা খাতায় সঠিকভাবে লিখতে হবে।
Write correct question no. against each answer.

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে।
বানান ভুল, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কাটা যাবে।
প্রান্তিক সংখ্যাগুলি প্রতিটি প্রশ্নের পূর্ণমান নির্দেশ করছে।
Special credit will be given for answers which are brief and to the point.
Marks will be deducted for spelling mistakes, untidiness and bad handwriting.
In the right side the marks of questions are given.

**প্রথম পত্র** **পূর্ণমান ঃ ৫০**

১। *যেকোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

(ক) "......... ঠিক করিয়া ফেলিলাম কলিকাতা যাইব"—লেখক কলিকাতা যাওয়া ঠিক করলেন কেন? কলিকাতা যাওয়ার পয়সা তিনি কীভাবে জোগাড় করলেন।

(খ) মদন কতদিন তাঁত চালায়নি? তাঁত না-চালানোর জন্য তার কী অবস্থা হয়েছিল?

২। *যেকোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×১=১০

(ক) 'পণ্ডিত মশাই' গল্পের মধ্যে দিয়ে সে যুগের গ্রামীণ সমাজের যে পরিচয় পাওয়া যায় তা, সংক্ষেপে লেখো।

(খ) জয়কালী দেবীর ধর্মীয় সংস্কারের আড়ালে মানবিকতা কীভাবে লক্ষ্য করা যায় তার বিবরণ দাও।

(গ) রূপোকাকা কীভাবে লেখকের বাড়িতে এসেছিলেন? তার চরিত্র সংক্ষেপে আলোচনা করো।

৩। *যেকোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×১=১০

(ক) "বাঙালীর বই কেনার প্রতি বৈরাগ্য দেখে মনে হয়, সে যেন গল্পটা জানে"—গল্পটি কী সংক্ষেপে বর্ণনা করে বই কেনার প্রতি বাঙালির বৈরাগ্যের সঙ্গে এর প্রাসঙ্গিকতা বিচার করো।

(খ) ছেলেবেলায় রবীন্দ্রনাথের লেখাপড়ার কী ব্যবস্থা হয়েছিল তার বর্ণনা দাও। এরূপ ব্যবস্থা করার কারণ কী ছিল?

(গ) 'বসন্তের কোকিল' প্রবন্ধটির লেখকের নাম কী? মূল গ্রন্থটির নাম লেখো। নামকরণের তাৎপর্য সংক্ষেপে বিশ্লেষণ করো।

৪। *যেকোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

(ক) "তারাই এসেছে মিছিলে"—এই তারা কারা? তাদের মিছিলে আসার কারণগুলি কী? কবির মনোভাব প্রকাশ করো।

(খ) 'সাম্যবাদী' কবিতায় কীসের জয়গান ঘোষিত হয়েছে। কবিতার মূল অর্থ ব্যক্ত করো।

(গ) 'জন্মভূমি' কবিতার কবির নাম কী? জন্মভূমি কেন কবির কাছে স্বর্গপুরী বলে বোধ হয়, তা আলোচনা করো।

৫। *যেকোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

(ক) "সেই ক্ষোভে পড়ি গ্রন্থ" ক্ষোভের কারণ কী? কবি কোন গ্রন্থ পড়েন?

(খ) "কারা যেন আজ দুহাত খুলেছে, ভেঙেছে খিল, মিছিলে আমরা নিমগ্ন তাই দোলে মিছিল"— কবিতাটি কার লেখা, কোন কবিতার অংশ? তাৎপর্য বিশ্লেষণ করো।

৬। *যেকোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

(ক) 'জ্যেষ্ঠ যদি অব্যাহতি পায়, তোমার শোণিত আছে"— কে, কাকে একথা বলেছেন? এই উক্তির মধ্য দিয়ে বক্তার চরিত্রের কোন দিক প্রকাশ পেয়েছে?

(খ) 'বিসর্জন' নাটকে নক্ষত্ররায়ের ভূমিকা আলোচনা করো।

৭। *যেকোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) নীচের এক-একটি শব্দকে দুটি পৃথক অর্থে প্রয়োগ করে দুটি করে বাক্য লেখো ঃ
অর্থ, বংশ, ঠিক, ফাঁস, বায়না।

(খ) বিপরীত শব্দ লেখো ঃ
স্থির, অজ্ঞান, পণ্ডিত, ভয়, নিরলস।

(গ) নিম্নলিখিত শব্দগুলির একটি করে প্রতিশব্দ লেখো—
বাবা, চোখ, বাড়ি, রাত, নদী।

(ঘ) নির্দেশ অনুযায়ী বাক্যের পরিবর্তন করো ঃ

(i) দিনরাত সেই চিন্তাই করিতেছি। (না-সূচক)
(ii) অর্থ না-লইয়া কলিকাতা যাওয়ার কোনো অর্থ হয় না। (হ্যাঁ-সূচক)
(iii) বাঁশবেড়ে থেকে আসছেন বুঝি? (হ্যাঁ-সূচক)
(iv) আপিস কে বলল আপনাকে? (না-সূচক)
(v) সে ব্যাটা এসে পড়লে বেঞ্চটা আর পাব না। (প্রশ্নসূচক বাক্য)

(ঙ) শব্দদ্বৈত দিয়ে বাক্য রচনা করো ঃ
টেনেটুনে, সাত-সাতটা, হাউমাউ, রাজা-মহারাজা, গাঁটে-গাঁটে।

## দ্বিতীয় পত্র

পূর্ণমান ঃ ৫০

১। *যেকোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

(ক) বৃন্দাবন দাসের চৈতন্যভাগবত সম্বন্ধে যা জান লেখো।

(খ) মঙ্গলকাব্যের ভাগ কয়টি ও কী কী? এই কাব্য রচনার উদ্দেশ্য কী ছিল?

(গ) বাউল সম্প্রদায়ের একটি সংক্ষিপ্ত পরিচয় দাও।

২। *যেকোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

(ক) কবি গানের উদ্ভব কবে হয়েছিল? এঁদের মধ্যে যাঁরা জনপ্রিয় হয়েছিলেন তাঁদের নাম লেখো।

(খ) 'লোরচন্দ্রাণী কাব্যটি কে লেখেন? এর আর একটি নাম কী? এই কাব্যের মধ্যে যে আখ্যান আছে তা সংক্ষেপে লেখো।

৩। *যেকোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

(ক) প্রাচীন ভারতীয় আর্যভাষা সম্পর্কে যা জান লেখো।

(খ) চর্যাপদে সেকালের সমাজজীবনের যে চিত্র পাওয়া যায় তা সংক্ষেপে লেখো।

৪। *যেকোনো একটি* বিষয়ে প্রতিবেদন লেখো ঃ ৫×১=৫

(ক) তোমার এলাকায় একটি চিত্র প্রদর্শনী চলছে—এ ব্যাপারে একটি প্রতিবেদন রচনা করো।

(খ) 'বেকারত্ব বর্তমানে সবথেকে গুরুতর সমস্যা'—একটি প্রতিবেদন লেখো।

৫। *যেকোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

(ক) তোমার এলাকায় খেলার মাঠ বন্ধ করে বহুতল বাড়ি হচ্ছে।—এ ব্যাপারে স্থানীয় প্রশাসনকে একটি পত্র লেখো।

*অথবা,*

তোমার শিক্ষা প্রতিষ্ঠানের গ্রন্থাগারের উন্নতি করার আবেদন জানিয়ে বিদ্যালয় প্রধানকে একটি পত্র লেখো।

৬। বাংলায় অনুবাদ করো ঃ ৫

India is my motherland. It is an ancient country. India is the second largest country in the World. All kinds of people live here and they speak in different languages, wear different costumes and observe different customs. But there is unity in diversity.

৭। নীচের অনুচ্ছেদটি পড়ে সারাংশ লেখো ঃ ৫

আমরা পরের উপকার করিব মনে করিলেই উপকার করিতে পারি না। উপকার করিবার অধিকার থাকা চাই। যে বড়ো সে ছোটোর উপকার অতি সহজে করিতে পারে কিন্তু ছোটোর উপকার করিতে হইলে শুধু বড়ো হইলে চলিবে না—ছোটো হইতে হইবে, ছোটোর সমান হইতে হইবে। মানুষ কোনোদিনো কোন যথার্থ হিতকে ভিক্ষারূপে গ্রহণ করিবে না, ঋণরূপেও না, কেবলমাত্র প্রাপ্যরূপে গ্রহণ করিতে পারিবে।

৮। নীচের *যেকোনো পাঁচটি* শব্দের পরিভাষা লেখো ঃ ৫

White Paper, Tax structure, Joint Editor, Via media, Sine die, Week day, Foreign Service, Charge sheet.

৯। *যেকোনো একটি* বিষয় নিয়ে প্রবন্ধ রচনা করো ঃ ১০

(ক) বিশ্ব উষ্ণায়ন (Global warming) এবং জনজীবনে তার প্রভাব।

(খ) একটি ঐতিহাসিক স্থান ভ্রমণের অভিজ্ঞতা।

(গ) তোমার প্রিয় দেশনেতা।

(ঘ) ২০২৪-এ ক্রিকেটে টি-টোয়েন্টি বিশ্বকাপে ভারত।

---